পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮),
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,
ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-১৬/২০২০-২১/৪৯৩

তারিখঃ ০৪-০৪-২০২১খ্রি.

## অফিস আদেশ

পল্লী সঞ্চয় ব্যাংক আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রাতিষ্ঠানিক রূপ। প্রকল্পটির মেয়াদ আগামী ৩০ জুন, ২০২১ তারিখে উত্তীর্ণ হবে এবং প্রকল্পের সকল সমিতি সম্পদসহ ব্যাংকে স্থানান্তরিত হবে। তাই প্রকল্পের আওতায় সম্পাদিতব্য যাবতীয় কাজ এ সময়ের মধ্যে সম্পন্ন করা অত্যন্ত জরুরী। তাছাড়া করোনা ভাইরাস মহামারিজণিত কারণে ব্যাংকের অধিকাংশ গ্রাহকের বিনিয়োগ ক্ষতিগ্রস্থ হয়েছে। তাঁদেরকে পুনরায় আয়বর্ধক কাজে নিয়োজিত করা জরুরী। করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ ০৪/০৪/২০২১ তারিখে ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নং স্মারকে ১১ দফা নির্দেশনা জারী করেছে। উহার অনুবৃত্তিক্রমে বাংলাদেশ ব্যাংক হতে ডিওএস সার্কুলার লেটার নং-১১ জারী করা হয়েছে। এমতাবস্থায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

০১। ব্যাংকের সকল গ্রাহক দরিদ্র শ্রেণীর। তাই গ্রাহকদেরকে জরুরীভিত্তিতে সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকের সকল কার্যালয়সমুহ যথারীতি পূর্বের নিয়মে পরিচালিত হবে;

০২। কর্মকর্তা/কর্মচারীগণ আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে অফিস করবেন;

০৩। মাঠ সহকারীগণ (ইউনিয়নে দায়িত্ব পালনরত) যথারীতি সদস্যদের সাথে যোগাযোগ ও উঠান বৈঠকের সময় সামাজিক দুরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালন করবেন। মাঠে চলাচলের সময় সর্বদা পরিচয়পত্র সাথে রাখবেন;

০৪। জুনিয়র অফিসার (মাঠ)গণও একইরূপে দায়িত্ব পালন করবেন;

০৫। চলাচল নিষেধাজ্ঞা চলাকালীন (পরবর্তীতে যদি সময় বৃদ্ধি করা হয় তাসহ) সকল স্তরের কর্মচারী আবশ্যিকভাবে স্ব স্ব কর্মস্থলে অবস্থান করবেন;

০৬। শাখা অফিসে উপকারভোগী সদস্যদের সেবা গ্রহণকালে সামাজিক দুরত্ব বজায় রাখা ও স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করতে এবং নো মাস্ক নো সার্ভিস নীতি অবলম্বন করতে হবে;

০৭। আর্থিক লেনদেন এর ক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংকের "পল্লী লেনদেন" সেবা গ্রহণে সদস্যদের উদ্বুদ্ধ করতে হবে;

০৮। জেলা ও শাখা অফিসসমূহকে সাপ্তাহিক/মাসিক সভা অনুষ্ঠানের ক্ষেত্রে অনলাইন প্লাটফর্ম ব্যবহারে বেশী মনোযোগী হতে হবে;

০৯। স্থানীয় প্রশাসন হতে সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনাবলী মেনে চলতে হবে;

১০। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলার আওতাধীন সকল উপজেলার ক্ষেত্রে সার্বিক বিষয় মনিটর করবেন এবং কোন ব্যত্যয় দেখা গেলে প্রধান কার্যালয়ে রিপোর্ট করবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৪.৪.২১

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক
ফোনঃ ৯৩৫৯০৮৩; ফ্যাক্সঃ ৯৩৪৮২০৬
md@pallisanchatybank.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
০২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আমার বাড়ি আমার খামার প্রকল্প।
০৩। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
০৪। জেলা প্রশাসক (সকল)।
০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৬। প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ (সকল)।
০৭। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, জেলাঃ সকল জেলা।
০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল)।
০৯। সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭
০৪ এপ্রিল ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে প্রতিপালনের জন্য নিম্নোল্লিখিত নির্দেশনা প্রদান করা হলো:

২। (ক) সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না;

(খ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(গ) সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিস ও আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে পারবে। শিল্প-কারখানা ও নির্মাণ কার্যাদি চালু থাকবে। শিল্প-কারখানায় শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া করতে হবে। বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক শিল্প-কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড হাসপাতাল/চিকিৎসার ব্যবস্থা করতে হবে;

(ঘ) সন্ধ্যা ৬.০০টা থেকে ভোর ৬:০০টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না;

(ঙ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। কোনো অবস্থাতেই হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না;

(চ) শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ পাইকারি ও খুচরা পণ্য Online-এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই সর্বাবস্থায় কর্মচারীদের মধ্যে আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোনো ক্রেতা স্বশরীরে যেতে পারবে না;

(ছ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(জ) ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

(ঝ) সশস্ত্র বাহিনী বিভাগ ঢাকায় সুবিধাজনক স্থানে ফিল্ড হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে; এবং

(ট) এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

Scanned with CamScanner

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/০৪/২০২১
(মোঃ শাহাদাত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭
০৪ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)

Scanned with CamScanner